# Times Today BD

সংগীত কুমার | দেশজুড়ে | 12 May, 2025

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) স্বতন্ত্র 'ডি' ইউনিট (ধর্মতত্ত্ব অনুষদ)–এর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।রোববার (১১ মে) রাত সাড়ে ৯টায় থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডিন ও পরীক্ষার সমন্বয়ক অধ্যাপক ড. আ. ব. ম. ছিদ্দিকুর রহমান আশ্রাফীর স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এই ফল প্রকাশ করা হয়।

পরীক্ষার ফলাফল পর্যালোচনা করে দেখা পরীক্ষায় প্রথম হয়েছেন মোঃ রাকিবুল হাসান।তিনি নওগাঁর নামাজগড় গাউসুল আজম কামিল মাদ্রাসার শিক্ষার্থী।ভর্তির প্রস্তুতিতে তিনি সাকসেস বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং অ্যান্ড গাইডে অধ্যয়ন করেছেন বলে জানা গেছে।

ফলাফল প্রকাশের সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম, থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. আ ব ম ছিদ্দিকুর রহমান আশ্রাফী, প্রক্টর অধ্যাপক ড. মোঃ শাহিনুজ্জামান প্রমুখ।

প্রসঙ্গত, এদিন সকালে স্বতন্ত্র এই 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষায় সর্বমোট ৩২০ আসনের বিপরীতে ১ হাজার ৮২৮ জন পরীক্ষায় অংশগ্রহণ করেন।সকাল ১১টা থেকে বেলা ১২টা পর্যন্ত এ পরীক্ষা চলে।

ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া ইসলামিক স্টাডিজ অনুষদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:36

URL: https://www.timestodaybd.com/across-the-country/363972365